

সংবাদ



ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রনির্দেশনা ও পরামর্শদান দপ্তরের উদ্যোগে গত শনিবার টিএসপি মিলনায়নে 'সামাজিক সম্পর্ক উন্নয়নে কাউন্সিলিংয়ের ভূমিকা ও আত্মহত্যা প্রতিরোধ' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. আ ফ ম ইউনুস হায়দার

ঢাবিতে আত্মহত্যা প্রতিরোধ বিষয়ক কর্মশালায় ভারপ্রাপ্ত ভিসি শিক্ষার্থীদের নিজেকে নিয়ন্ত্রণের যোগ্যতা অর্জন করতে হবে

নিজস্ব স্বার্থ পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসপি মিলনায়তনে গত শনিবার ছাত্রনির্দেশনা ও পরামর্শদান দপ্তরের উদ্যোগে 'সামাজিক সম্পর্ক উন্নয়নে কাউন্সিলিংয়ের ভূমিকা ও আত্মহত্যা প্রতিরোধ' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. আ ফ ম ইউনুস হায়দার কর্মশালায় প্রধান অতিথি ছিলেন। ছাত্রনির্দেশনা ও পরামর্শদান দপ্তরের পরিচালক অধ্যাপক শাহীন ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বক্তব্য রাখেন মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক শামীম এফ করিম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান এবং ছাত্রনির্দেশনা ও পরামর্শদান দপ্তরের উপ-পরিচালক সুলতানা বেগম।

প্রধান অতিথির ভাষণে ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. আ ফ ম ইউনুস হায়দার বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন, তোমাদের কাছে বাবা-মা, সমাজ, দেশ ও জাতির প্রত্যাশা অনেক বেশি। বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সঙ্গে সঙ্গে তোমাদের মধ্যে একটা পরিবর্তন আসা যাবাটিক। কারণ তোমরা এখানে স্বাধীন। তাই তোমাদের নিজেন্নের নিয়ন্ত্রণ করার যোগ্যতা অর্জন করতে হবে। কোন অবস্থায় তোমরা কখনও সীমালংঘন করবে না। তিনি আরও বলেন, মানুষের জীবনে ব্যর্থতা আসতে পারে। তাই বলে কখনও হতাশ হবে না। প্রয়োজনে তোমরা শিক্ষকদের সঙ্গে কিংবা ছাত্রনির্দেশনা ও পরামর্শদান দপ্তরের কর্মকর্তাদের কাছে এসে সমস্যার কথা জানাবে এবং তাদের উপদেশ ও পরামর্শ গ্রহণ করে সমস্যা নিরসন করবে।